# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Second Term Examination - 2018**

**Class : 7**

SUB : Bengali Text
DURATION:2 Hrs30Mins

F.M.: 90
DATE:26.07.2018

**বিভাগঃ ক (২৫)**

**১।সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ- (১×৫=৫)**

১.১ 'লালু' গল্পটির মূল গ্রন্থ হল-

ক) ছেলেবেলার গল্প খ) বড়োবেলার গল্প

গ) ভূতের গল্প ঘ) আখ্যান মঞ্জরী।

১.২ গোপালদের বাড়ির কাছে যে গাছে জোনাকি জ্বলে,তা হল---

ক)আমগাছ খ) বেল গাছ

গ) বকুল গাছ ঘ) তাল গাছ।

১.৩ নেপাল যে মাছ ধরেছিল তা হল---

ক) ইলিশ খ)কাতলা

গ) পুঁটি ঘ)কোনওটিই নয়।

১.৪ মৃগয়া শব্দটির অর্থ হলো---

ক)হরিণ খ)বাঘ

গ)সিংহ ঘ)শিকার।

১.৫ "তালনবমী" গল্পটির লেখক হলেন---

ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় খ) মানিক বন্দ্যোপাধ্যায়

গ)তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

**২।বাঁদিক ও ডানদিকের কথা মিলিয়ে বাক্য গঠন করোঃ-(১×৪=৪)**

| বাঁদিক | ডানদিক |
|---|---|
| ক) এ গ্রামের মধ্যে | ক) ব্যাঙের দল থেকে থেকে ডাকছে। |
| খ) গ্রামসুদ্ধ ছেলে-মেয়ে তাকে | খ) দেখলে বাড়ির সবাই ঘুমিয়ে। |
| গ) খুব ভোরবেলা উঠে গোপাল | গ) তালের গাছ নেই। |
| ঘ) বকুলতলার ডোবায় কটকটে | ঘ) বলে জটি-পিসিমা। |

**৩।শূণ্যস্থান পুরণ করোঃ-(১×৮=৮)**

৩.১ হয়তো------ চেয়ে-----------উড়িতেছে--------বাতাসে;

৩.২ ----------শুনিবে এক---------ডাকিতেছে------ডালে;

৩.৩ হয়তো খইয়ের ধান ছড়াইতেছে--------এক--------ঘাসে।

৪।শব্দার্থ লেখঃ-(১×৪=৪)

সুদর্শন,ধবল,রাঙা,নীড়।

৫।সত্য,মিথ্যা বিচার করে বাক্যটির পাশে লেখঃ- (১×৪=৪)

৫.১ আমাদের শহরে তখন শীত পড়েছে,হঠাৎ বসন্ত দেখা দিল।

৫.২ পণ্ডিতমশাই ফ্যালফ্যাল করে চেয়ে রইলেন।

৫.৩ গঙ্গার তীরে শ্মশান অনেক দূর,প্রায় ক্রোশখানেক।

৫.৪ ওর মা শুনতে পেলে আর আমার মুখ দেখবেন না।

## বিভাগ - খ

৬। **কম-বেশি ২০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ-** **(২x৫=১০)**

৬.১ কামারের কাজ কী?

৬.২ তুরপুন দিয়ে কে কাজ করে?

৬.৩ কুম্ভকারের কাজ কী?

৬.৪ “আমি কবি যত ইতরের” — ‘ইতর’ কারা?

৬.৫ আমি কবি কবিতাটি কে লিখেছেন?

৭। **কম-বেশি ৩০টি শব্দে উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ-** **(৩x৫=১৫)**

৭.১ ‘আমি কবি’ কবিতায় উল্লিখিত কয়েকজন সমাজবন্ধুর নাম লেখ।

৭.২ ক্ষুদিরাম ভট্টাচার্যের বাড়ি দুদিন হাঁড়ি চড়েনি কেন?

৭.৩ তালের জন্য গোপাল জটি পিসির কাছে পয়সা নেয়নি কেন?

৭.৪ জটি পিসিমার বাড়ি কারা কারা নিমন্ত্রণ পেয়েছিল?

৭.৫ গোপাল খুড়োর জীবনের ব্রত কী ছিল?

৭.৬ বিষ্টু ভট্টাচার্য লোকটি কেমন ছিল?

৭.৭ 'আবার আসিব ফিরে' কবিতায় কবি কোথায় কেন ফিরে আসতে চান?

## বিভাগ - গ

৮। **নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো আটটি) ঃ-** **(৫x৮=৪০)**

৮.১ আমেরিকার আদিম অধিবাসী ইউরোপীয়কে কীভাবে সাহায্য করেছিলেন?

৮.২ শ্মশানভূমির দৃশ্যের বর্ণনা দাও।

৮.৩ লালু যেভাবে সকলকে ভয় দেখিয়েছিল তার বর্ণনা দাও।

৮.৪ "আবার আসিব ফিরে" কবিতা অবলম্বনে বাংলার প্রাকৃতিক সৌন্দর্য্যের বর্ণনা দাও।

৮.৫ গোপাল যে স্বপ্ন দেখেছিল তা নিজের ভাষায় লেখ।

৮.৬ "আমি কবি ভাই কর্মের আর ঘর্মের" - কথাটির অর্থ বুঝিয়ে দাও।

৮.৭ 'আমি কবি' কবিতার সারমর্ম নিজের ভাষায় লেখ।

৮.৮ "গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে" - কথাটির অর্থ বুঝিয়ে দাও।

৮.৯ নেপাল ও গোপাল খাবার চাইলে তার মা রাগ করত কেন?

৮.১০ "সভ্য ও অসভ্য" গল্পটি পড়ে তুমি কি শিক্ষা লাভ করলে তা নিজের ভাষায় লেখ।

***************

Avpita Chandra 27-7-18

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 2nd Term Test – 2018

**Sub: Bengali Text(Model Answer)** **Class: 7** **F.M: 90**

**Duration: 2hours 30 minutes** **Date: 26.7.2018**

(উত্তর হবে চলিত ভাষায়।বানান ভুল, অপরিষ্কার, অপরিচ্ছন্ন লেখার জন্য নম্বর কাটা যেতে পারে। উত্তর হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।প্রসঙ্গ ও লেখকের নাম উল্লেখ করতে হবে প্রয়োজনে।)

**বিভাগঃ ক (২৫)**

**১।সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ-** (১×৫=৫)

১.১ 'লালু' গল্পটির মূল গ্রন্থ হল--ক) ছেলেবেলার গল্প

১.২ গোপালদের বাড়ির কাছে যে গাছে জোনাকি জ্বলে,তা হল--গ) বকুল গাছ

১.৩ নেপাল যে মাছ ধরেছিল তা হল—গ) পুঁটি

১.৪ মৃগয়া শব্দটির অর্থ হলো-—ঘ)শিকার।

১.৫ "তালনবমী" গল্পটির লেখক হলেন-—ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

**২।বাঁদিক ও ডানদিকের কথা মিলিয়ে বাক্য গঠন করোঃ-**(১×৪=৪)

| বাঁদিক | ডানদিক |
|---|---|
| ক) এ গ্রামের মধ্যে | গ) তালের গাছ নেই। |
| খ) গ্রামসুদ্ধ ছেলে-মেয়ে তাকে | ঘ) বলে জটি-পিসিমা। |
| গ) খুব ভোরবেলা উঠে গোপাল | খ) দেখলে বাড়ির সবাই ঘুমিয়ে। |
| ঘ) বকুলতলার ডোবায় কটকটে | ক) ব্যাঙের দল থেকে থেকে ডাকছে। |

**৩।শূণ্যস্থান পূরণ করোঃ-**(১×৮=৮)

৩.১ হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে;

৩.২ হয়তো শুনিবে এক লক্ষ্মীপ্যাঁচা ডাকিতেছে শিমুলের ডালে;

৩.৩ হয়তো খইয়ের ধান ছড়াইতেছে শিশু এক উঠানের ঘাসে।

৪।শব্দার্থ লেখঃ-(১×৪=৪)

সুদর্শন-শকুন,ধবল-সাদা,রাঙা-লাল/রঙিন,নীড়-পাখির বাসা।

৫।সত্য,মিথ্যা বিচার করে বাক্যটির পাশে লেখঃ- (১×৪=৪)

৫.১ আমাদের শহরে তখন শীত পড়েছে,হঠাৎ বসন্ত দেখা দিল-মিথ্যা

৫.২ পণ্ডিতমশাই ফ্যালফ্যাল করে চেয়ে রইলেন-সত্য

৫.৩ গঙ্গার তীরে শ্মশান অনেক দূর,প্রায় ক্রোশখানেক--মিথ্যা

৫.৪ ওর মা শুনতে পেলে আর আমার মুখ দেখবেন না-সত্য।

## বিভাগ খ (২৫)

৬।কম-বেশি ২০টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (২×৫=১০)

| | |
|---|---|
| ৬.১ | হাতুড়ি বা লোহার জিনিসপত্র তৈরি করা। |
| ৬.২ | ছুতোর রা। |
| ৬.৩ | মাটির জিনিসপত্র তৈরি করা। |
| ৬.৪ | শ্রমজীবি বা খেটে খাওয়া মানুষদের। |
| ৬.৫ | প্রেমেন্দ্র মিত্র। |

৭।কম-বেশী ৩০ টি শব্দে উত্তর দাও(যেকোন পাঁচটি)-(৩×৫=১৫)

| | |
|---|---|
| ৭.১ | কামার,কুমোর,ছুতোর-ইত্যাদি।এদের কাজের উল্লেখ ও করতে হবে। |
| ৭.২ | ক্ষুদিরাম ভট্টাচার্য সামান্য আয়ের গৃহস্থ,আর কয়েকদিন ধরে আর কয়েকদিন ধরে ক্রমাগত বৃষ্টির জন্য ফসলের ও অনিশ্চয়তা ছিল। |
| ৭.৩ | গোপাল ভেবেছিল যে জটি পিসিমার কাছে পয়সা নিলে,জটি পিসিমা তাকে তালনবমীর জন্য নিমন্ত্রন নাও করতে পারে। |
| ৭.৪ | জগবন্ধু চক্কোত্তি ও তার ছেলে মেয়ে,রাখাল রায় ও তার ছেলে মানু,পাঁচু,হরেন,নবীন ভট্টাচার্য ও তার ছেলে দীনু,কুড়োরাম। |
| ৭.৫ | গোপাল খুড়োর জীবনের ব্রত ছিল মড়া-পোড়ানো |
| ৭.৬ | বিষ্টু ভট্টাচার্য ছিলেন লালু দের স্কুলের বাংলার শিক্ষক।তিনি ছিলেন চির রুগ্ন এবং স্ত্রীর প্রতি একান্ত নির্ভরশীল। |
| ৭.৭ | কবি জীবানন্দ দাশ ধানসিড়ি নদীর তীরে অর্থাৎ এই বাংলায় বার বার ফিরে আসতে চান। |

## বিভাগ-গ (৪০)

৮।নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও(যেকোন ৮টি) (৫×৮=৪০)

| | |
|---|---|
| ৮.১ | ইউরোপীয় ব্যক্তিটি যখন গভীর বনমধ্যে পথ হারিয়ে ফেলেছিল,তখন আমেরিকার আদিম নিবাসী পরম যত্নে তার আতিথেয়তা করেন এবং পরেরদিন সকালে তাকে লোকালয়ে পৌঁছে দিয়ে আসতে প্রতিশ্রুত হয়। |
| ৮.২ | শীতের রাতে শশ্মানভূমির নির্জনতা,এবং জ্যোৎস্নার আলোকে জনহীন প্রান্তর হয়ে উঠেছে রহস্যময়ী।এর সাথে বৃষ্টির আচমকা প্রবেশ এর ফলে যে পরিস্থিতির তৈরি হয়েছে,তা বর্ণনা করতে হবে। |
| ৮.৩ | বৃষ্টির মধ্যে লালু মৃতদেহের সঙ্গে লুকিয়ে থাকে এবং বৃষ্টি থামলে সবাইকে ভূত সেজে ভয় দেখায়।এর দ্বারা লালুর সাহসিকতা ওবুদ্ধিমত্তার পরিচয় পাওয়া যায়। |
| ৮.৪ | কবি বাংলার তুচ্ছাতিতুচ্ছ বস্তুর দ্বারা সাজিয়ে তুলেছেন বাংলার সৌন্দর্য কে।শালিক,হাঁস,ভোরের কাক,ধবল বক এই সমস্ত কিছুর মধ্যেই তিনি খুঁজে পান নিজেকে।বারবার তাই তিনি ফিরে আসতে চান এই বাংলায়। |
| ৮.৫ | গোপালের স্বপ্নে ছিল যে তাকে জটি পিসিমার বাড়িতে খুব আদর করে তালনবমীর জন্য খাওয়ানো হচ্ছে। |
| ৮.৬ | কবি প্রেমেন্দ্র মিত্র মনে করেন এই পৃথিবী কে সচল করে রেখেছে শ্রমজীবি মানুষদের পরিশ্রম।তাই তিনি তার কবিতায় জয়গান গেয়েছেন এই সমস্ত মানুষদের। |
| ৮.৭ | ‘আমি কবি’ কবিতায় কবি প্রমেন্দ্র মিত্র মনে করেন এই পৃথিবীকে চলমান রেখেছে কামার,কুমোর,ছুতোরের মতন খেটে খাওয়া মানুষেরা।কবি তাদের সাথেই ভাগ করে নিতে চান কর্মের স্বাদ।অলস ভাবে সময় না কাটিয়ে কবি তাই আহ্বান করেছেন কাজের মধ্য দিয়ে সময় কে অতিবাহিত করে দিতে। |
| ৮.৮ | ভগবান কোন দেউলে থাকেন না,তার অবস্থান মানুষের হৃদয়ে।তাই দরিদ্র,আর্ত মানুষদের সেবার মধ্য দিয়েই খুঁজে পাওয়া যায় ঈশ্বর কে। |
| ৮.৯ | অভাবের সংসারে মা দুবেলা দুমুঠো খেতে দিতে পারতো না নিজের সন্তান দের কে।তাই এই না পারাটা লুকাতে চাইতেন রাগের মধ্য দিয়ে। |
| ৮.১০ | সভ্যতা এবং অসভ্যতা নির্ভর করে না মানুষের পোশাক-পরিচ্ছদের উপর।তা নির্ভর করে মানুষের মানবিকতা,তার ব্যবহারের উপর—এই বিষয়টি গল্প অনুসরণে লিখতে হবে। |